



minister
android tv
4K ULTRA HD

৭ বছর ওয়ারেন্টি

- Use Extra eye Protective Glass
- 70% Energy Save
- Thunder Protective
- Smart Internet TV
- Wall Hangar Free
- 4 Years Panel Guarantee
- 1 Year Replacement Guarantee

Eye Protective
চোখের রক্ষা করে না

Call: 01971 700 700



গতকাল বগুড়ায় পল্লী উন্নয়ন একাডেমির আইটি সেন্টারে আয়োজিত আমার গ্রাম আমার শহর বিনির্মাণে গবেষণা সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম

বগুড়ায় গবেষণা সেমিনারে এলজিআরডি মন্ত্রী গ্রামগুলোতে নগর সুবিধার প্রসার ঘটালে বদলে যাবে গ্রামীণ জনগণের জীবনচিত্র

স্টাফ রিপোর্টার : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম বলেছেন, কৃষি নির্ভর বাংলাদেশের অর্থনীতির মূল চালিকাশক্তি হচ্ছে কৃষি। শেখ হাসিনার নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে কৃষি ও ভাগ্যহত কৃষককুলের উন্নয়নে

বাস্তবায়িত হচ্ছে বিভিন্ন কর্মসূচি। বর্তমান সরকার বাংলাদেশের প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে 'আমার গ্রাম আমার শহর'-এর স্বপ্ন দেখছেন সেই স্বপ্নের গ্রাম বিনির্মাণে এবং সরকারের ২০২১ ও ২০৪১ এর রূপকল্পে বাংলাদেশকে ডিজিটাল

বাংলাদেশে রূপান্তর করার যে প্রয়াস ব্যক্ত করেছেন সেখানে গ্রামগুলোতে নগর সুবিধার প্রসার ঘটানো সম্ভব হলে বদলে যেতে পারে গ্রামীণ জনগণের জীবনচিত্র, দূর হতে পারে দারিদ্র, জীবনমান উন্নয়নের মাধ্যমে টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জন করে বাংলাদেশ পৌঁছে যেতে পারে কাঙ্ক্ষিত মধ্যম আয়ের দেশে। তিনি গতকাল শনিবার পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) বগুড়ায় 'আমার গ্রাম-আমার শহর' বিনির্মাণে গবেষণা সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মোঃ কামাল উদ্দিন তালুকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বিশেষ অতিথি ছিলেন স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য্য ও বগুড়া ৪ এলাকার সংসদ সদস্য মোঃ হাবিবুর রহমান। সেমিনারে একাডেমীর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মোঃ আমিনুল ইসলাম পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে গবেষণায় অন্তর্ভুক্ত ১৭টি সেক্টর যথাক্রমে গ্রামীণ যোগাযোগ ব্যবস্থা, গ্রামীণ নিরাপদ (৭ পৃঃ ১ কঃ দ্রঃ)

গ্রামগুলোতে নগর সুবিধার প্রসার ঘটালে

(৩ এর পাতার পর)

পানি ব্যবস্থা, গ্রামীণ জ্বালানি ও বিদ্যুৎ ব্যবস্থা, গ্রামীণ তথ্য ও যোগাযোগ ব্যবস্থা, গ্রামীণ বাসস্থান, সেনিটেশন ও বর্জ্য ব্যবস্থাপনা, গ্রামীণ শিক্ষা ব্যবস্থা, গ্রামীণ স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা, গ্রামীণ জনগোষ্ঠীর আর্থিক সেবা খাতে অন্তর্ভুক্তি, গ্রামীণ সামাজিক প্রতিষ্ঠান ও নাগরিক পরিষেবা, গ্রামীণ উদ্যোক্তা উন্নয়ন ও কর্মসংস্থান, গ্রামীণ বাজার ব্যবস্থাপনা, গ্রামীণ নিরাপত্তা ও বিচার ব্যবস্থা, গ্রামীণ সামাজিক নিরাপত্তা, গ্রামীণ দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা, গ্রামীণ শিশু ও নারী উন্নয়ন, গ্রামীণ মানব সম্পদ উন্নয়ন, গ্রামীণ যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ে পর্যালোচনার প্রতিবেদন উপস্থাপন করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী মোঃ সাইফুর রহমান, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী মোঃ খলিলুর রহমান, বগুড়া ৭ এলাকার সংসদ সদস্য রেজাউল করিম বাবুল ছাড়াও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দসহ আরডিএ, বগুড়া'র কর্মকর্তা উপস্থিত ছিলেন।

সেমিনারে প্রধান অতিথি তার বক্তব্যে আরও বলেন, যেহেতু কৃষি বাংলাদেশের অর্থনীতির মূল চালিকাশক্তি, সেহেতু কৃষি জমির অপচয়রোধে জমির আইল অপসারণ করে সনাতন পদ্ধতির পরিবর্তে আধুনিক যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল চাষ করলে ফসলের উৎপাদন বৃদ্ধি পাবে এবং গ্রামীণ জনগণের আর্থিক অবস্থার উন্নয়ন ত্বরান্বিত হবে। গ্রামীণ জনসাধারণকে প্রশিক্ষণ প্রদান করতে হবে, গ্রামে বাজার সৃষ্টি করতে হবে। এভাবেই বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার "আমার গ্রাম-আমার শহর" বিনির্মাণ সহজ হবে। প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য্য, এমপি বলেন, 'দক্ষিণাঞ্চলের হাওর এলাকার কৃষকদের জমি পানির নিচে থাকার পরেও তারা সমবায় সমিতির মাধ্যমে একত্রিত হয়ে চাষাবাদ করে অনেক উন্নতি করেছে। একই ভাবে কৃষি জমি একত্রীকরণ করে সমবায় সমিতি গঠনের মাধ্যমে গ্রামীণ জনগণ কাঙ্ক্ষিত উন্নয়ন করতে পারবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।' সভাপতির বক্তব্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মোঃ কামাল উদ্দিন তালুকদার বলেন, আরডিএ, বগুড়া'র অনুঘটক সদস্যবৃন্দ গবেষণার মাধ্যমে গবেষণা গ্রাম, শেরপুর উপজেলার চকুপাখালিয়ার জনসাধারণের প্রত্যাশার যে চিত্র গবেষণার মাধ্যমে তুলে এনেছেন তা "আমার গ্রাম-আমার শহর" বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এর আগে মন্ত্রী ও প্রতিমন্ত্রী রংপুর হতে দুপুরে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'য় আসেন। প্রথমেই মন্ত্রী ও প্রতিমন্ত্রী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মোঃ আমিনুল ইসলাম এবং আরডিএ'র অনুঘটক সদস্যবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন। অতিথিবৃন্দ আরডিএ'র প্রদর্শনী খামারের বিভিন্ন ইউনিটসমূহ পরিদর্শন করেন এবং আইটি সেন্টারের সামনে বৃক্ষরোপণ করেন।